# বার্ষিক প্রতিবেদন

## ২০১৭-২০১৮




**বাঁচবে সময়, বাঁচবে পরিবেশ**
**যানজট কমাবে মেট্রোরেল**

## ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

# ভূমিকা

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে আধুনিক গণপরিবহন হিসেবে Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল এর পরিকল্পনা, সার্ভে, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত গত ০৩ জুন, ২০১৩ তারিখ শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়। এরই ধারাবাহিকতায় ২০৩০ সালের মধ্যে ৫টি Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল নির্মাণের লক্ষ্যে DMTCL একটি Time Bound Action Plan গ্রহণ করেছে। Time Bound Action Plan এর লক্ষ্য অর্জনে **প্রথম পর্যায়ে** বাংলাদেশের প্রথম মেট্রোরেল নির্মাণের নিমিত্ত ২০১২-২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য MRT Line-6 প্রকল্প গ্রহণ করা হয়। **দ্বিতীয় পর্যায়ে** MRT Line-1 এবং MRT Line-5: Northern Route নির্মাণের লক্ষ্যে Feasibility Study সম্পন্ন করা হয়েছে। ২০২৬ সালের মধ্যে Under Ground ও Elevated MRT সমন্বয়ে MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design-এর কাজ সহসাই শুরু হচ্ছে। ২০২৭ সালের মধ্যে MRT Line-5: Northern Route নির্মাণের লক্ষ্যে Expression of Interest (EoI) আহবান করা হয়েছে। DPP প্রণয়ন প্রক্রিয়াধীন আছে। **তৃতীয় পর্যায়ে** অবশিষ্ট লাইনগুলো ২০৩০ সালের মধ্যে নির্মাণের পরিকল্পনা নেয়া হয়েছে। এ উদ্দেশ্যে MRT Line-5: Southern Route এর Pre-Feasibility Study চলছে। G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT-2 নির্মাণের লক্ষ্যে জাপান সরকারের সঙ্গে সহযোগিতা স্মারক স্বাক্ষর করা হয়েছে। MRT-4 নির্মাণের লক্ষ্যে উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করা হচ্ছে।

**Time Bound Action Plan for Construction of MRT Lines by DMTCL**

| Name of MRT Line | Expected Year of Completion |
|---|---|
| MRT Line-6 | 2024* |
| MRT Line-1 | 2026 |
| MRT Line-5: Northern Route | 2027 |
| MRT Line-5: Southern Route | 2030 |
| MRT Line-2 | 2030 |
| MRT Line-4 | 2030 |

*Revised Program:

1st Phase : Uttara 3rd Phase to Agargoan by December 2019
2nd Phase : Agargoan to Motijheel by December 2020

# Mass Rapid Transit (MRT) Line-6

প্রায় ২২,০০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে উত্তরা ৩য় পর্ব হতে বাংলাদেশ ব্যাংক পর্যন্ত ২০.১০ কিলোমিটার দীর্ঘ ১৬ স্টেশন বিশিষ্ট উভয়দিকে ঘন্টায় ৬০ হাজার যাত্রী পরিবহনে সক্ষম আধুনিক, সময় সাশ্রয়ী ও পরিবেশ বান্ধব বিদ্যুৎ চালিত এলিভেটেড Mass Rapid Transit নির্মাণের লক্ষ্যে Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) বা বাংলাদেশের প্রথম মেট্রোরেল নির্মাণ প্রকল্পটি ২০১২-২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়। এটি একটি Fast Track ভুক্ত প্রকল্প। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় পরবর্তিতে বিশেষ উদ্যোগে উত্তরা ৩য় পর্ব হতে আগারগাঁও পর্যন্ত অংশ ২০১৯ সালের ডিসেম্বর মাসের মধ্যে এবং বাংলাদেশ ব্যাংক পর্যন্ত সম্পূর্ণ অংশ ২০২০ সালের ডিসেম্বর মাসের মধ্যে বাস্তবায়নের নিমিত্ত সংশোধিত কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী মেট্রোরেলের নির্মাণ কাজ লক্ষ্যমাত্রা অর্জনে এগিয়ে চলছে। ৩০ জুন, ২০১৮ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতির ধারাক্রম **পরিশিষ্ট-ক** তে প্রদান করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী MRT Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেল এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন।




মাননীয় প্রধানমন্ত্রী ২৬ জুন, ২০১৬ তারিখ বাংলাদেশের প্রথম মেট্রোরেল-এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন

## প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩০ জুন ২০১৮ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এ প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে।



৩১ জানুয়ারি, ২০১৮ তারিখ সমাপ্ত উত্তরা ডিপো এলাকার ভূমি উন্নয়ন কাজ

➢ **প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর, ২০১৭ তারিখ শুরু হয়েছে। সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী ৩০ জুন ২০১৯ তারিখ এ প্যাকেজের কাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে।



উত্তরা ডিপো এলাকায় চলমান পূর্ত কাজ

➢ **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট, ২০১৭ তারিখ শুরু হয়েছে। সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ নিরবচ্ছিন্নভাবে এগিয়ে চলছে। ইতোমধ্যে পরিসেবা স্থানান্তর, চেক বোরিং ও টেস্ট পাইল সম্পন্ন হয়েছে। মোট ২,৩৩৩ টি বাণিজ্যিক পাইলের মধ্যে ১,৪৯৬ টি বাণিজ্যিক পাইলের কাজ শেষ হয়েছে। মোট ৭৬৬ টি পাইল ক্যাপ এর মধ্যে ৪৪ টি পাইল ক্যাপের নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ৩৯১ টি ভায়াডাক্ট পিয়ারের মধ্যে ৪টি ভায়াডাক্ট পিয়ার এবং ৪,৫৭৭ টি প্রিকাস্ট সেগম্যান্টের মধ্যে ৪৬টি প্রিকাস্ট সেগমেন্ট নির্মাণ সম্পন্ন হয়েছে। বাংলাদেশের প্রথম মেট্রোরেলের প্রথম ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। ধারাবাহিকভাবে Viaduct Erection এর কাজ এগিয়ে চলছে। সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী ৩০ জুন ২০১৯ তারিখ উভয় প্যাকেজের কাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে।



উত্তরায় পিয়ার-২২ ও পিয়ার-২৩ এর উপর স্থাপিত বাংলাদেশের প্রথম মেট্রোরেলের প্রথম ভায়াডাক্ট

➢ **প্যাকেজ- ৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.২০ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণ):** আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.২০ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণের লক্ষ্যে গত ৩০ এপ্রিল, ২০১৮ তারিখ ঠিকাদারের সঙ্গে নির্মাণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। নিয়োজিত ঠিকাদারি প্রতিষ্ঠান নির্মাণ কাজ শুরুর প্রস্তুতি গ্রহণ করছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর কাজ চলছে।



ফার্মগেট এলাকায় পরিসেবা স্থানান্তরের কাজ

➢ **প্যাকেজ- ৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণ):** কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণের লক্ষ্যে গত ৩০ এপ্রিল, ২০১৮ তারিখ ঠিকাদারের সঙ্গে নির্মাণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। নিয়োজিত ঠিকাদারি প্রতিষ্ঠান নির্মাণ কাজ শুরুর প্রস্তুতি গ্রহণ করছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর কাজ চলছে।




মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী প্যাকেজ-৬ এর চুক্তি স্বাক্ষর প্রত্যক্ষ করছেন

➢ **প্যাকেজ-৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণের নিমিত্ত গত ০৩ জুন, ২০১৮ তারিখ ঠিকাদারের সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বর্তমানে আন্তঃপ্যাকেজ সমন্বয়ের কাজ চলছে।




মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী প্যাকেজ-৭ এর চুক্তি স্বাক্ষর প্রত্যক্ষ করছেন

➢ **প্যাকেজ-৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর, ২০১৭ তারিখ শুরু হয়েছে। সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী ২০১৯ সালের ডিসেম্বর মাসের মধ্যে উত্তরা ৩য় পর্ব হতে আগারগাঁও পর্যন্ত অংশে মেট্রোরেল চালুর বিষয়টি বিবেচনায় রেখে বর্তমানে রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট-এর Detailed Design-এর কাজ চলছে। ইতোমধ্যে Carbon Steel দ্বারা তৈরি বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের Front End Mask এর Design এবং Colour Exterior Scheme চূড়ান্ত করা হয়েছে। এতে লাল-সবুজের প্রাধান্য রয়েছে।




বাংলাদেশের প্রথম মেট্রোরেলের Exterior Colour Scheme

## MRT Line-6 এর রুট এ্যালাইনমেন্ট ও স্টেশনের অবস্থান

**রুট এ্যালাইনমেন্ট:** উত্তরা ৩য় পর্ব-পল্লবী-রোকেয়া সরণির পশ্চিম পার্শ্ব দিয়ে খামারবাড়ী হয়ে ফার্মগেট-হোটেল সোনারগাঁও-শাহবাগ-টিএসসি-দোয়েল চত্বর-তোপখানা রোড- বাংলাদেশ ব্যাংক




বাংলাদেশের প্রথম মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও স্টেশনের অবস্থান

## MRT Line-6 এর স্টেশনসমূহ

**MRT Line-6** এর রুট এ্যালাইনমেন্টে ১৬টি স্টেশন রয়েছে । এগুলো হল:

| ক্রম | স্টেশনের নাম | ক্রম | স্টেশনের নাম | ক্রম | স্টেশনের নাম | ক্রম | স্টেশনের নাম |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উত্তরা উত্তর | ০২ | উত্তরা সেন্টার | ০৩ | উত্তরা দক্ষিণ | ০৪ | পল্লবী |
| ০৫ | মিরপুর-১১ | ০৬ | মিরপুর-১০ | ০৭ | কাজীপাড়া | ০৮ | শেওড়াপাড়া |
| ০৯ | আগারগাঁও | ১০ | বিজয় সরণি | ১১ | ফার্মগেট | ১২ | কারওয়ান বাজার |
| ১৩ | শাহবাগ | ১৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় | ১৫ | বাংলাদেশ সচিবালয় | ১৬ | মতিঝিল |

## স্থানান্তর ক্ষতিপূরণ

বাংলাদেশের প্রথম মেট্রোরেল নির্মাণ করতে জমির মালিক না হওয়া সত্ত্বেও যাঁরা ক্ষতিগ্রস্ত হয়েছেন এমন ১,৪৯৮ জনকে Resettlement Action Plan (RAP) এর মাধ্যমে চিহ্নিত করা হয়েছে। ক্ষতিগ্রস্তদের মধ্যে প্রায় ১৪ কোটি ৩৭ লক্ষ ৩৭ হাজার টাকা স্থানান্তর ক্ষতিপূরণ প্রদানের কার্যক্রম চলছে। ৩০ জুন, ২০১৮ তারিখ পর্যন্ত ৫৯৬ জনকে ৯ কোটি ৭৫ লক্ষ ৪০ হাজার টাকা স্থানান্তর ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে। এ স্থানান্তর ক্ষতিপূরণ প্রদানে উন্নয়ন সহযোগী সংস্থার নীতিমালা অনুসরণ করা হচ্ছে।




২৮ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ ক্ষতিগ্রস্তদের মাঝে ক্ষতিপূরণের চেক বিতরণ

## নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ

বাংলাদেশের প্রথম বিদ্যুৎ চালিত মেট্রোরেল চলাচলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার নিমিত্ত টংগী এবং মানিকনগর গ্রীড উপকেন্দ্রের অভ্যন্তরে পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি)-এর মাধ্যমে ডিপোজিট ওয়ার্ক হিসেবে নতুন ৩টি Bay নির্মাণের কাজ চলছে। Bay নির্মাণের জন্য গত ৫ জুন, ২০১৮ তারিখ পিজিসিবিকে প্রায় ২৪ চব্বিশ কোটি ৩৭ লক্ষ ৮২ হাজার টাকা পরিশোধ করা হয়েছে।

## সংশোধিত কর্মপরিকল্পনার বাস্তবায়ন পরিবীক্ষণ

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ২০১৯ সালের ডিসেম্বর মাসের মধ্যে মেট্রোরেলের প্রথম অংশের নির্মাণ কাজ সম্পন্ন করার নিমিত্ত ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর নির্মাণ কাজ তিন শিফটে দিনে ২৪ ঘন্টা, সপ্তাহে ৭ দিন ও বছরে ৩৬৫ দিন লাগাতার চলছে। মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কাজের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত বিরতিতে সরেজমিনে প্রত্যক্ষ করে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করে থাকেন।



মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী মেট্রোরেলের কাজ পরিদর্শন শেষে ০২ আগস্ট ২০১৭ তারিখ দিকনির্দেশনা প্রদান করছেন

ব্যবস্থাপনা পরিচালক প্রতিমাসে একবার প্রত্যেকটি প্যাকেজের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা করেন। সভায় চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে উত্তরণের উপায় নির্ধারণ করা হয় ও তৎভিত্তিতে চ্যালেঞ্জসমূহকে opportunity-তে রূপান্তর করা হয়। ব্যবস্থাপনা পরিচালক প্রত্যেক মাসে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা শেষে এবং আকস্মিকভাবে প্রকল্পের নির্মাণ কাজ নিয়মিত পরিদর্শন করেন।




গত ১৬ মে, ২০১৮ তারিখ অনুষ্ঠিত প্যাকেজ-৮ এর মাসিক পর্যালোচনা সভা

প্রকল্প পরিচালক পৃথকভাবে সপ্তাহে একবার প্রত্যেকটি প্যাকেজের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা করে সরেজমিনে বাস্তব অবস্থা পর্যবেক্ষণ করেন। প্রকল্প এলাকার সন্নিকটে প্রকল্প টিমের অবস্থান ও নির্মাণ কাজ যথাযথভাবে পরিবীক্ষণের নিমিত্ত প্রধান কার্যালয়ের পাশাপাশি আগারগাঁও ও উত্তরায় অস্থায়ী কার্যালয় স্থাপন করা হয়েছে।




প্রকল্প পরিচালক MRT Line-6 সরেজমিনে উন্নয়ন কাজ পরিদর্শন করছেন

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের উর্ধতন কর্মকর্তাগণও প্রায়শঃই মেট্রোরেলের বাস্তবায়ন কাজ সরেজমিনে পরিদর্শন করেন ও অগ্রগতি পর্যালোচনা করেন।



৪ মে, ২০১৮ তারিখ সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় মেট্রোরেলের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করছেন

বাংলাদেশের প্রথম মেট্রোরেলের বাস্তবায়ন অগ্রগতি প্রত্যক্ষ করতে বাংলাদেশে আগত বিদেশি ডেলিগেশনের অনুরোধে পরিদর্শনের আয়োজন করা হয়।



যুক্তরাজ্যের বাণিজ্যিক প্রতিনিধি দল বাংলাদেশের প্রথম মেট্রোরেলের ডিপো এলাকা পরিদর্শন করছেন

## Panel of Experts নিয়োগ

বাংলাদেশের প্রথম মেট্রোরেল নির্মাণে বিভিন্ন সময়ে বিভিন্ন চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়। উদ্ভূত চ্যালেঞ্জ নিরসনে Panel of Experts (PoEs) গঠন করা হয়েছে। National Professor Dr. Engr. Jamilur Reza Choudhury গত ৮ অক্টোবর, ২০১৭ তারিখ PoEs এর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালনের জন্য ডিএমটিসিএল'র সঙ্গে চুক্তি স্বাক্ষর করেন। এরই ধারাবাহিকতায় PoEs এর বৈদেশিক সদস্য হিসেবে দায়িত্ব পালনের জন্য ২৪ জানুয়ারি, ২০১৮ তারিখ জাপানের Chuo University এর আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন Professor Kenji Ishihara এর সঙ্গে চুক্তি স্বাক্ষর করা হয়। একইভাবে PoEs দেশি সদস্য হিসেবে দায়িত্ব পালনের জন্য ২০ মার্চ, ২০১৮ তারিখ Professor Dr. A. M. M. Safiullah চুক্তি স্বাক্ষর করেন। প্রয়োজন অনুযায়ী Panel of Experts সরেজমিনে পরিদর্শন ও যথাযথ পরিক্ষা-নিরীক্ষা করে পরামর্শ প্রদান করে থাকেন।



Panel of Experts উত্তরা ডিপো এলাকার Land Settlement অগ্রগতি পর্যবেক্ষণ করছেন

## মেট্রোরেলের নিয়ন্ত্রণ, নিরাপত্তা ও যাত্রী সেবায় তথ্য প্রযুক্তির ব্যবহার

বাংলাদেশের প্রথম মেট্রোরেলে Communication Based Train Control System (CBTC) চালুর নিমিত্ত Automatic Train Operation (ATO), Automatic Train Protection (ATP) ও Automatic Train Supervision (ATS) সংগ্রহের কাজ চলমান আছে। এরই অংশ হিসেবে Public Information System (PIS) এর আওতায় Automatic Next Station Display and Announcement inside Coach এবং Automatic Display and Announcement of Train Arrival Time in Station সংগ্রহের কাজও এগিয়ে চলছে। মেট্রো ট্রেনের যাতায়াতকারী যাত্রীদের নিরাপত্তার নিমিত্তে Syncronizated Platform Screen Door (PSD) and Train Door এবং Internet Protocol (IP) Camera System সংগ্রহের কাজ শুরু করা হয়েছে। যাত্রীদের নিরবচ্ছিন্ন ও স্বাচ্ছন্দ্যে যাতায়াতের সুবিধার্থে Rapid Pass সংগ্রহ এবং Automatic Fare Collection (AFC) System স্থাপনের কাজ সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রসর হচ্ছে।









মেট্রোরেলের নিয়ন্ত্রণ, নিরাপত্তা ও যাত্রী সেবায় তথ্য প্রযুক্তির ব্যবহার

## অডিট আপত্তি

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এ পর্যন্ত মোট ১৫ (পনের) টি অডিট আপত্তি Foreign Aided Project Audit Directoriate (FAPAD) কর্তৃক উথাপন করা হয়। এর মধ্যে ৩০ জুন, ২০১৮ তারিখ পর্যন্ত ১০ (দশ) টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ৫ (পাঁচ) টি অডিট আপত্তির মধ্যে ৩ (তিন) টি আপত্তি FAPAD-এ নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে এবং ২ (দুই) টি আপত্তি FAPAD কর্তৃক পুনঃঅডিট করা হবে।

## জনবল পুনর্গঠন ও পদ নাম পরিবর্তন

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) অনুমোদনের সময় ১০১ জন জনবল সম্বলিত Project Implementation Unit (PIU) গঠন করা হয়েছিল। কিন্তু জনবলের পদনাম প্রকল্পের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ছিল না। একই সাথে কোন কোন ক্ষেত্রে জনবলের অপর্যাপ্ততা ছিল। এ প্রেক্ষাপটে সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়নের স্বার্থে যথাযথ প্রক্রিয়ায় প্রকল্পের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ পদনাম দিয়ে জনবল ১৪১ তে উন্নীত করা হয়েছে। সংশোধিত জনবল কাঠামোর ভিত্তিতে চলমান অর্থবছরে ৩৪ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে ও ২০ জন সহকারী প্রকৌশলীর নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। জন্মলগ্ন থেকে ৩০ জুন, ২০১৭ তারিখ পর্যন্ত এবং ২০১৭-২০১৮ অর্থবছরে ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এ যাঁরা দায়িত্ব পালন করেছেন তাঁদের তালিকা যথাক্রমে **পরিশিষ্ট-খ (১)** ও **পরিশিষ্ট-খ (২)** তে দেয়া হয়েছে।

## Mass Rapid Transit (MRT) Line-5: Northern Route

২০২৭ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত আন্ডারগ্রাউন্ড ও এলিভেটেড সমন্বয়ে ১৯.৬০ কিলোমিটার দীর্ঘ (আন্ডারগ্রাউন্ড ১৩.৬০ কিলোমিটার এবং এলিভেটেড ৬.০০ কিলোমিটার) ও ১৪ স্টেশন (আন্ডারগ্রাউন্ড ৯টি এবং এলিভেটেড ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর DPP প্রণয়ন প্রক্রিয়াধীন আছে। Engineering Service-এর জন্য গত ১৪ জুন, ২০১৮ তারিখ উন্নয়ন সহযোগী সংস্থা JICA'র সঙ্গে ৭,৩৫৮ মিলিয়ান ইয়েন-এর ঋণ চুক্তি (BD-P101) স্বাক্ষর করা হয়। Engineering Service এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে Expression of Interest (EoI) আহবান করা হয়েছে। এ রুট নির্মাণে সম্ভাব্য ব্যয় হবে প্রায় ৪৫ হাজার কোটি টাকা। **Northern Route এর এ্যালাইনমেন্ট হল:** হেমায়েতপুর-বালিয়ারপুর-মধুমতি-আমিন বাজার-গাবতলী-দার উস সালাম- মিরপুর ১-মিরপুর ১০-মিরপুর ১৪-কচুক্ষেত-বনানী-গুলশান ২-নতুন বাজার-ভাটারা।




MRT Line-5: Northern Route এর এলাইনমেন্ট ও স্টেশন

## Mass Rapid Transit (MRT) Line-5: Southern Route

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে ভূলতা পর্যন্ত আন্ডারগ্রাউন্ড ও এলিভেটেড সমন্বয়ে প্রায় ২১ কিলোমিটার দীর্ঘ মেট্রোরেল নির্মাণের নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থার সহায়তায় ৫ মে, ২০১৮ তারিখ হতে প্রাক-সম্ভাব্যতা যাচাই এর কাজ শুরু করা হয়েছে। প্রাক-সম্ভাব্যতা যাচাই এর কাজ সম্পন্ন হওয়ার পর মোট দৈর্ঘ্য, রুট Alignment, আন্ডারগ্রাউন্ড ও এলিভেটেড অংশ, ডিপোর অবস্থান এবং স্টেশনের সংখ্যা ও অবস্থান চূড়ান্ত করা হবে। **Southern Route এর সম্ভাব্য এ্যালাইনমেন্ট হল:** গাবতলী-টেকনিক্যাল-কল্যাণপুর-শ্যামলী-কলেজ গেইট-আসাদ গেইট-রাসেল স্কয়ার-পান্থপথ-সোনারগাঁ-হাতিরঝিল-নিকেতন-রামপুরা-আফতাব নগর পশ্চিম-আফতাব নগর সেন্টার-আফতাব নগর পূর্ব-দেশেরকান্দি-বাড়ালু বাজার- গজ্ঞানগর- জাতীয় মহাসড়ক এন ১০৫ এর সংযোগ স্থল (ভূলতার সন্নিকটে)।

## Mass Rapid Transit (MRT) Line-4

২০৩০ সালের মধ্যে ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী মহানগরীর সাথে দ্রুতগতির আধুনিক গণপরিবহন ব্যবস্থা হিসেবে কমলাপুর হতে নারায়ণগঞ্জ রুটে সম্ভাব্য ১৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-4 নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কমলাপুর-নারায়ণগঞ্জ রেলওয়ে ট্রাকের নিচ দিয়ে Underground MRT বা পাতাল রেল হিসেবে MRT Line-4 নির্মাণের প্রাথমিক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। MRT Line-4 নির্মাণের জন্য Pre-Feasibility Study করার নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করা হচ্ছে।

# Mass Rapid Transit (MRT) Line-2

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে চট্টগ্রাম রোড পর্যন্ত আন্ডারগ্রাউন্ড ও এলিভেটেড সমন্বয়ে প্রায় ২৪ কিলোমিটার দীর্ঘ G2G ভিত্তিতে পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) পদ্ধতিতে MRT Line -2 নির্মাণের লক্ষ্যে ১৫ জুন, ২০১৭ তারিখ জাপান ও বাংলাদেশ সরকার সহযোগিতা স্মারক স্বাক্ষর করে। এরই ধারাবাহিকতায় ৬ ডিসেম্বর, ২০১৭ তারিখ জাপান ও বাংলাদেশের অংশগ্রহণে বাংলাদেশে প্রথম প্লাটফরম সভা অনুষ্ঠিত হয়। ৭ জুন, ২০১৮ তারিখ জাপান ও বাংলাদেশের অংশ গ্রহণে জাপানে ২য় প্লাটফরম সভা অনুষ্ঠিত হয়। জাপান সরকারের কারিগরী সহায়তায় MRT Line-2 এর Pre-Feasibility Study করার নিমিত্ত সুনির্দিষ্ট প্রস্তাব জাপান সরকারের নিকট দাখিল করা হয়েছে। Pre-Feasibility Study সম্পন্ন হওয়ার পর মোট দৈর্ঘ্য, রুট Alignment, আন্ডারগ্রাউন্ড ও এলিভেটেড অংশ, ডিপোর অবস্থান এবং স্টেশনের সংখ্যা ও অবস্থান চূড়ান্ত করা হবে। **MRT Line-2 এর সম্ভাব্য রুট এ্যালাইনমেন্ট হল:** গাবতলী- Embankment Road- বসিলা-মোহাম্মদপুর বিআরটিসি বাস স্ট্যান্ড- সাত মসজিদ রোড- ঝিগাতলা- ধানমন্ডি ২ নম্বর রোড- সাইন্স ল্যাবরেটরি- নিউ মার্কেট- নীলক্ষেত-আজিমপুর-পলাশী-শহীদ মিনার-ঢাকা মেডিকেল কলেজ-পুলিশ হেডকোর্টার-গোলাপ শাহ মাজার-বঙ্গ ভবনের উত্তর পার্শ্বস্থ সড়ক-মতিঝিল-আরামবাগ-কমলাপুর-মুগদা-মান্ডা-ডেমড়া-চট্টগ্রাম রোড।




MRT Line-2 এর সম্ভাব্য রুট এলাইনমেন্ট

# Mass Rapid Transit (MRT) Line-1

MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: **বিমানবন্দর** রুট এবং **পূর্বাচল** রুট। উভয় রুটের সম্ভাব্যতা যাচাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। উভয় রুটের Engineering Service-এর জন্য গত ২৯ জুন ২০১৭ তারিখ JICA-এর সঙ্গে ৫,৫৯৩ মিলিয়ান ইয়েন-এর ঋণ চুক্তি স্বাক্ষর (BD-P95) করা হয়েছে। প্রায় ৫৭৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে Technical Assistance for Dhaka Mass Rapid Transit Development Project (Line-1) (E/S) শীর্ষক Technical Assistance Project Proposal (TPP) গ্রহণ করা হয়েছে। JICA'র সহায়তায় নির্মাণ প্রকল্প গ্রহণের নিমিত্ত DPP প্রণয়ন প্রক্রিয়াধীন আছে। ২০২৬ সালের মধ্যে এ উভয় রুট নির্মাণে সম্ভাব্য ব্যয় হবে প্রায় ৫০ হাজার কোটি টাকা।




MRT Line-1 এর উভয় রুট এলাইনমেন্ট ও স্টেশন

## Mass Rapid Transit (MRT) Line-1: বিমানবন্দর রুট

**বিমানবন্দর রুটের এলাইনমেন্ট হল:** বিমানবন্দর-বিমানবন্দর টার্মিনাল ৩-খিলক্ষেত-যমুনা ফিউচার পার্ক-নতুন বাজার-উত্তর বাড্ডা-বাড্ডা-হাতিরঝিল-রামপুরা-মালিবাগ-রাজারবাগ-কমলাপুর। এ রুটের মোট দৈর্ঘ্য ১৬.৪০ কিলোমিটার। **এ রুটেই বাংলাদেশে প্রথম পাতাল রেল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে।** মোট স্টেশন (আন্ডারগ্রাউন্ড) সংখ্যা ১২টি।







**বিমানবন্দর রুট এলাইনমেন্ট ও স্টেশন**

## Mass Rapid Transit (MRT) Line-1: পূর্বাচল রুট

**পূর্বাচল রুটের এলাইনমেন্ট হল:** নতুন বাজার-যমুনা ফিউচার পার্ক-বসুন্ধরা-পুলিশ অফিসার্স হাউজিং সোসাইটি-মাস্তুল-পূর্বাচল পশ্চিম-পূর্বাচল সেন্টার-পূর্বাচল সেক্টর ৭-পূর্বাচল ডিপো। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১০.২০ কিলোমিটার। সম্পূর্ণ অংশ এলিভেটেড। মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে এলিভেটেড। নতুন বাজার ও যমুনা ফিউচার পার্ক স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে আন্ডারগ্রাউন্ড নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে Inter-change থাকবে। এ Inter-change ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাতায়াত করা যাবে।




**পূর্বাচল রুট এলাইনমেন্ট ও স্টেশন**

# Digital বাংলাদেশ বিনির্মাণ

## ইন্টারএক্টিভ ওয়েবসাইট

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর একটি সমৃদ্ধ ওয়েবসাইট (www.dmtcl.gov.bd) রয়েছে, যা নিয়মিতভাবে হালনাগাদ করা হয়। এ ওয়েবসাইটে ডিএমটিসিএল, ডিএমটিসিএল কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ ও জনস্বার্থ সংশ্লিষ্ট সকল তথ্য-উপাত্ত নিয়মিত প্রকাশ করা হয়। এতে ডিএমটিসিএল'র কার্যক্রমে জনসম্পৃক্ততা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভবপর হচ্ছে। যে কোন স্থান হতে যে কোন সময় ডিএমটিসিএল'র কার্যক্রম সম্পর্কে সকলে জানতে পারেন এবং মতামত, অভিযোগ ও পরামর্শ প্রদান করতে পারেন। GRS, NIS, RTI, APA ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা সংশ্লিষ্ট তথ্যাদিও ওয়েবসাইটে সংযোজন করা হয়েছে। ডিএমটিসিএল সংশ্লিষ্ট সকল আইন, বিধিমালা, নীতিমালা, গাইডলাইনস্, বিভিন্ন প্রকাশনা ইত্যাদিও ওয়েবসাইটে সন্নিবেশ করা আছে। ওয়েবসাইটে ফেসবুক পেইজ ও ভিডিও বক্স রয়েছে, যেখানে ডিএমটিসিএল সম্পর্কিত কার্যক্রম, ছবি ও ভিডিও নিয়মিত আপলোড করা হয়ে থাকে।

## Digital Service Implementation Roadmap-2021

Digital Service Implementation Roadmap-2021 এর আওতায় ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে Enterprise Resource Plan (ERP), Metro Rail Operation Control Center (OCC) ও Metro Rail Citizen Apps (MRCA) তৈরির কার্যক্রম গ্রহণের পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। এ লক্ষ্যে ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)-এ নতুন প্যাকেজ-০৯ অন্তর্ভুক্তির কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

## Electronic Document Management System

ডিএমটিসিএল, প্রকল্প কর্তৃপক্ষ, পরামর্শক প্রতিষ্ঠান এবং ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে দ্রুত Project Document, সকল প্রকার তথ্য-উপাত্ত ও পত্রালাপ করার লক্ষ্যে ওয়েব বেইজড ACONEX সফটওয়ার ব্যবহার করে ডিএমটিসিএলকে Electronic Document Management System (EDMS) নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। এ সফটওয়ারের মাধ্যমে তথ্য-উপাত্ত আদান-প্রদানের ক্ষেত্রে ব্যবহারকারী ও কার্যক্রম নির্দিষ্ট করে দেয়া যায়। প্রবেশাধিকার প্রাপ্ত ব্যবহারকারীগণ এ প্লাটফরম ব্যবহার করে নিজেদের ভিতরে তথ্য আদান-প্রদানের মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। এটি Cloud Based সুরক্ষিত Construction Project Management সফটওয়ার হওয়ায় বিভিন্ন দেশে মেট্রোরেল নির্মাণের সময় এ সফটওয়ার সফলভাবে ব্যবহার করা হয়েছে। প্রবেশাধিকার প্রাপ্ত তত্ত্বাবধানকারী কর্মকর্তাগণ স্বয়ংক্রিয়ভাবে Document এর সাইজ নির্বিশেষে Document সরাসরি দেখতে পারেন বিধায় পরিবীক্ষণ ও সমন্বয় কার্যক্রম সহজে করা যায়।

### ভিডিও

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড ২০৩০ সালের মধ্যে ৫টি Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় MRT Line-1, MRT Line-2, MRT Line-4, MRT Line-5 ও MRT Line-6 বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে রয়েছে। এ ৫টি MRT Line-এর ৩০ জুন, ২০১৮ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সম্বলিত বাংলায় একটি সংক্ষিপ্ত ভিডিও (০৪.০৪ মিনিট) এবং একটি পূর্ণ ভিডিও (১৩.১৮ মিনিট) প্রস্তুত করে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর YouTube Channel-এ বহুল প্রচারের নিমিত্ত আপলোড করা হয়েছে। উভয় ভিডিও-এর সিডি করে বহুল প্রচারের নিমিত্ত সংশ্লিষ্ট অংশিজনের নিকটও প্রেরণ করা হয়েছে। পূর্ণাঙ্গ ভিডিও-এর English Version সহসাই প্রকাশ করা হবে।

## প্রশিক্ষণ

### অভ্যন্তরীণ ও বিদেশ প্রশিক্ষণ

DMTCL ও এর আওতাধীন প্রকল্পের সকল গ্রেডের কর্মচারীদের কর্মদক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজন করা হয়। এরই ধারাবাহিকতায় চলমান অর্থবছরে ১৯টি প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ১২৯ জন বিভিন্ন গ্রেডের কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে **(পরিশিষ্ট-গ)**। একইসময়ে ০৬টি বৈদেশিক প্রশিক্ষণ কর্মসূচিতে ১৩ জন কর্মকর্তা অংশ গ্রহণ করেছেন **(পরিশিষ্ট-ঘ)**।




২৩ জুন, ২০১৮ তারিখ অনুষ্ঠিত তথ্য অধিকার আইন-২০০৯ বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের একাংশ

## মাঠ প্রশিক্ষণ

BIAM এর উদ্যোগে আয়োজিত Project Management Course এ অংশ গ্রহণকারী মাঠ পর্যায়ের ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ২৫ জন প্রথম শ্রেণীর কর্মকর্তা গত ১৮ জানুয়ারি, ২০১৮ তারিখ বাংলাদেশের প্রথম মেট্রোরেল এর সম্ভাবনা, চ্যালেঞ্জসমূহ ও চ্যালেঞ্জ উত্তরণে গৃহীত পদক্ষেপ সম্পর্কে সম্যক অবহিত হওয়ার জন্য দিনব্যাপী Briefing Session এ অংশ গ্রহণ করেন।



১৮ জানুয়ারি, ২০১৮ তারিখ Briefing Session এ অংশগ্রহণকারী BIAM এর প্রশিক্ষণার্থীদের একাংশ

RPATC, Dhaka এর উদ্যোগে সড়ক ও জনপথ অধিদপ্তরের মাঠ প্রকৌশলীদের ১ম বিশেষ বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সের মাঠ পরিদর্শন কার্যক্রমের অংশ হিসেবে ৩২ জন কর্মকর্তা ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর সংক্ষিপ্ত Briefing Session-এ এবং ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) আয়োজিত দিনব্যাপী নির্মাণ কাজ সরেজমিনে পরিদর্শন কার্যক্রমে অংশ গ্রহণ করেন।




১৯ এপ্রিল, ২০১৮ তারিখ Briefing Session এ অংশগ্রহণকারী RPATC, Dhaka এর প্রশিক্ষণার্থীদের একাংশ

## ই-মেইল ও ই-নথি

ডিএমটিসিএল'র দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে নিয়মিত ই-মেইল ব্যবহার করা হয়। ডিএমটিসিএল-এ ইতোপূর্বে ই-নথি কার্যক্রম চালু করা হয়নি। ই- নথি চালু করার নিমিত্ত প্রাথমিক কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। পর্যায়ক্রমে পেপারলেস অফিস স্থাপনের লক্ষ্যে ই-নথি কার্যক্রম চালুর নিমিত্ত সহসাই সংশ্লিষ্ট কর্মচারীদের প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে।

## ডিএমটিসিএল ও মেলা

### Smart City Innovation Hub

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এ ২৯ নভেম্বর - ১ ডিসেম্বর ২০১৭ সময়ে তিন দিন ব্যাপী Smart City Innovation Hub অনুষ্ঠিত হয়। Hub-এ DMTCL নিজস্ব স্টলের মাধ্যমে ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে Mass Rapid Transit বা Metro Rail-এর ভূমিকা ও নির্মাণ পরিকল্পনা তুলে ধরে। Hub-এ আগত দর্শণার্থীগণ বিপুল উৎসাহ নিয়ে DMTCL স্টল পরিদর্শন করেন।




Smart City Innovation Hub-এ আগত দর্শণার্থীগণের DMTCL স্টল পরিদর্শন

### Digital World 2017 মেলা

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ৬-৯ ডিসেম্বর, ২০১৭ সময়ে চার দিনব্যাপী ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭ মেলা অনুষ্ঠিত হয়। মেলার Milky Way এলাকায় অবস্থিত DMTCL এর স্টল বিপুল উৎসাহ ও উদ্দীপনা নিয়ে সর্বস্তরের জনসাধারণ পরিদর্শন করেন। পরিদর্শনকারীগণের একটি বড় অংশ স্টলে রক্ষিত মন্তব্য বহিতে আগ্রহ নিয়ে নিজেদের পরামর্শ লিপিবদ্ধ করে বাংলাদেশের প্রথম মেট্রোরেল বাস্তবায়নে DMTCL-কে উৎসাহ প্রদান করেন।



ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭ মেলার DMTCL এর স্টলে আগত জনসাধারণের একাংশ

### উন্নয়ন মেলা ২০১৮

শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে গত ১১-১৩ জানুয়ারি, ২০১৮ সময়ে তিন দিনব্যাপী উন্নয়ন মেলা ২০১৮ অনুষ্ঠিত হয়। DMTCL এর স্টল বিপুল উৎসাহ ও আগ্রহ নিয়ে সর্বস্তরের জনসাধারণ পরিদর্শন করেন। পরিদর্শনকারীগণের একটি বড় অংশ স্টলে রক্ষিত মন্তব্য বহিতে স্বেচ্ছায় নিজেদের পরামর্শ লিপিবদ্ধ করেন। এ উন্নয়ন মেলার প্রতিপাদ্য বিষয় ছিল - **উন্নয়নের রোল মডেল, শেখ হাসিনার বাংলাদেশ।**



উন্নয়ন মেলা ২০১৮ এর DMTCL এর স্টলে আগত দর্শণার্থীদের একাংশ

## উৎসব ও উদযাপন

### প্রথম প্যাকেজের সমাপ্তি

বাংলাদেশের প্রথম মেট্রোরেলের প্রথম প্যাকেজের আওতায় উত্তরা ডিপো এলাকার ভূমি উন্নয়নের কাজ নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে সমাপ্তি উপলক্ষে ১৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ DMTCL, MRT Line-6, পরামর্শক প্রতিষ্ঠান ও ঠিকাদারী প্রতিষ্ঠানের কর্মকর্তা ও প্রকৌশলীগণের সমন্বিত উপস্থিতিতে এক অনাড়ম্বর অনুষ্ঠানে উৎসাহ ও উদ্দীপনার সাথে সমাপনী উদযাপন করা হয়।




১৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ ডিপো এলাকার ভূমি উন্নয়ন কাজের প্রথম প্যাকেজের সমাপ্তি উদযাপন

২২ মার্চ, ২০১৮ তারিখ স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে বাংলাদেশে উত্তরণ উপলক্ষে সমন্বিতভাবে সরকার দু'দিনব্যাপী কর্মসূচির আয়োজন করে। DMTCL এর সর্বস্তরের কর্মচারীগণ সকল কর্মসূচিতে অংশ গ্রহণ করেন।



স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে বাংলাদেশে উত্তরণ উপলক্ষে ডিএমটিসিএল আয়োজিত আনন্দ শোভাযাত্রা

## স্বাধীনতা দিবসে মেট্রোরেলের ডিসপ্লে

মেট্রোরেল এখন আর স্বপ্ন নয় বাস্তবতা। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পনি লিমিটেড-এর আওতায় বাস্তবায়নাধীন বাংলাদেশের প্রথম মেট্রোরেল একটি অন্যতম Fast Track ভুক্ত প্রকল্প। সরকারি ও বেসরকারি প্রিন্ট ও ইলেকট্রোনিক মিডিয়ায় এবং প্রকাশনা ও অনুষ্ঠানে দেশে-বিদেশে বাংলাদেশের প্রথম মেট্রোরেল এর কার্যক্রম নিয়মিতভাবে তুলে ধরা হয়।




বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে স্বাধীনতা দিবস-২০১৮ উদযাপন উপলক্ষে গ্যালারীতে বাংলাদেশের প্রথম মেট্রোরেলের ডিসপ্লে প্রদর্শন

## বাংলা নববর্ষ পালন

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর সকল গ্রেডের কর্মচারিগণ সম্মিলিতভাবে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে বিপুল উৎসাহ ও আনন্দগণ পরিবেশে প্রথমবার বাংলা নববর্ষ ১৪২৫ ডিএমটিসিএল'র প্রধান কার্যালয়ে উদযাপন করে।




আনন্দগণ পরিবেশে ডিএমটিসিএল'র প্রধান কার্যালয়ে প্রথমবার বাংলা নববর্ষ ১৪২৫ উদযাপন

## ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের স্বীকৃতি

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টার-এ অন্তর্ভুক্তির মাধ্যমে বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের স্বীকৃতি লাভের অসামান্য অর্জন উপলক্ষ্যে DMTCL এর সকল গ্রেডের কর্মচারীগণ সম্মিলিতভাবে ২৫ নভেম্বর, ২০১৭ তারিখ ধানমন্ডির ৩২ নম্বর সড়কে জাতির পিতার প্রতিকৃতিতে সকালে পুষ্পস্তবক অর্পণ করেন। একইদিন বিকেলে বিপুল উৎসাহ উদ্দীপনা ও জাঁকজমকপূর্ণভাবে আনন্দ শোভাযাত্রাসহ সোহরাওয়ার্দী উদ্যানের আয়োজিত সমাবেশেও যোগদান করেন।




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টার-এ অন্তর্ভুক্তির মাধ্যমে বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের স্বীকৃতি লাভের অসামান্য গৌরব অর্জন উপলক্ষে জাতির পিতার প্রতিকৃতিতে বিনম্র শ্রদ্ধাঞ্জলি




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টার-এ অন্তর্ভুক্তির মাধ্যমে বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের স্বীকৃতি লাভের অসামান্য গৌরব অর্জন উপলক্ষে আনন্দ শোভাযাত্রা

# শোক দিবস পালন

## জাতীয় শোক দিবস ২০১৭

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪২তম শাহাদাৎ বার্ষিকীতে ১৫ আগস্ট ২০১৭ তারিখ জাতীয় শোক দিবস পালন উপলক্ষে DMTCL এর সর্বস্তরের কর্মচারীগণ ধানমন্ডির ৩২ নম্বর সড়কে জাতির পিতার প্রতিকৃতিতে বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন।




জাতীয় শোক দিবস ২০১৭ উপলক্ষে জাতির পিতার প্রতিকৃতিতে বিনম্র শ্রদ্ধাঞ্জলি

## বিমান দুর্ঘটনায় রাষ্ট্রীয় শোক পালন

১২ মার্চ, ২০১৮ তারিখ নেপালের ত্রিভূবন আন্তর্জাতিক বিমানবন্দরে আকস্মিক বিমান দুর্ঘটনায় মর্মান্তিকভাবে নিহত বাংলাদেশি-বিদেশি ৫১ জন আরোহীর বিদেহী আত্মার শান্তি কামনা এবং তাঁদের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা প্রকাশের নিমিত্ত রাষ্ট্রীয় শোক পালন উপলক্ষে ১৫ মার্চ, ২০১৮ তারিখ ডিএমটিসিএল এক শোক সভা ও দোয়ার আয়োজন করে।

## বার্ষিক উন্নয়ন কর্মসূচি

২০১২-২০২৪ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) মোট প্রাক্কলিত ব্যয় ২১৯৮৫.০৭ কোটি (জিওবি ৫৩৯০.৪৮ কোটি ও প্রকল্প সাহায্য ১৬৫৯৪.৫৯ কোটি) টাকায় গত ১৮-১২-২০১২ তারিখ একনেক কর্তৃক অনুমোদিত হয়। জুন, ২০১৮ পর্যন্ত সার্বিক গড় বাস্তব অগ্রগতি ১৬% এবং সার্বিক আর্থিক অগ্রগতি Mobilization Advance সহ ২৩.০৪%। জুন, ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৫০৬৫.০১ কোটি টাকা [জিওবি ১৪০৭.৯৩ কোটি (২৬.১২%) এবং প্রকল্প সাহায্য ৩৬৫৭.০৮ কোটি (২২.০৪%)]। এ প্রকল্পের অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বছরে মোট বরাদ্দ ছিল ৩০৯৫.৯৫ কোটি (জিওবি ৪১৫.৯৫ ও প্রকল্প সাহায্য ২৬৮০.০০ কোটি) টাকা। বরাদ্দের বিপরীতে একই সময়ে মোট ব্যয় হয়েছে ২৯৮৩.২২ কোটি [জিওবি ৪১৫.৫৩ কোটি (৯৯.৯০%) এবং প্রকল্প সাহায্য ২৫৬৭.৬৯ কোটি (৯৫.৮১%)] যা একই বছরের বরাদ্দের ৯৬.৩৬%।

## Transit Oriented Development (TOD) Hub and Station Plaza

DMTCL ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে ২০৩০ সালের মধ্যে ৫টি Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল সমন্বয়ে নেটওয়ার্ক গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় ২০১৯ সালের ডিসেম্বর মাসের মধ্যে উত্তরা ৩য় পর্ব হতে আগারগাঁও পর্যন্ত অংশে মেট্রোরেল পরিচালনার সংশোধিত কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বিভিন্ন দেশের মেট্রোরেল পরিচালনার অভিজ্ঞতা থেকে দেখা যায় যে, শুধু ভাড়া আদায়ের আয় হতে লাভজনকভাবে মেট্রোরেল পরিচালনা করা যায় না। এ প্রেক্ষাপটে মেট্রোরেল পরিচালনাকারী কোম্পানিগুলো মেট্রোরেল পরিচালনার পাশাপাশি মেট্রোরেল সংশ্লিষ্ট Property Development কার্যক্রম গ্রহণ করে থাকে। এ প্রেক্ষাপট বিবেচনায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড আন্ত:লাইন সংযোগ স্টেশন, ডিপো ও প্রধান প্রধান স্টেশনগুলোকে ক্রমান্বয়ে Transport Oriented Development (TOD) Hub এবং Station Plaza হিসেবে গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করছে। নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান এ লক্ষ্যে কাজ করছে। প্রথম পর্যায়ে উত্তরা সেন্টার স্টেশনকে বিবেচনায় নিয়ে প্রাথমিক কর্মপরিকল্পনা গ্রহণ করে বাস্তবায়নের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে। গত ২৮ মার্চ ২০১৮ তারিখ এ উদ্দেশ্যে সংশ্লিষ্ট সকল অংশিজন সমন্বয়ে Round Table Discussion এর আয়োজন করা হয়।




Round Table Discussion on Transit Oriented Development

# MRT Police Force গঠন

